




CONSULATE GENERAL OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

24/F, Sup Tower, 75-83 King's Road  
North Point, Hong Kong  
Tel: (852) 28274278-9  
Fax: (852) 28271916  
E-mail: mission.hongkong@mofa.gov.bd  
Web: www.bangladeshconsulate.hk



প্রেস বিজ্ঞপ্তি

হংকং, ১০ জানুয়ারি ২০২২

বাংলাদেশ কনস্যুলেট জেনারেল হংকং এ উদযাপিত হলো জাতির পিতা বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস। করোনা ভাইরাসের প্রাদূর্ভাবের কারণে হংকং সরকারের জনসম্মুখে ০৪ (চার) জনের অধিক দলগতভাবে সমবেত হওয়ার বিধি নিষেধ থাকায় কনস্যুলেটে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণে কনস্যুলেটের হলরুমে ঘরোয়াভাবে অনুষ্ঠানটির আয়োজন করা হয়। জাতির পিতা বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত বাণীসমূহ পাঠ করে শোনান কনস্যুলেটের কর্মকর্তাগণ। অতঃপর বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তনের উপর প্রামাণ্য চিত্র প্রদর্শন করা হয়। কনসাল ও চার্জ দ্য অ্যাফেয়ার্স তাঁর সমাপনী বক্তবে বঙ্গবন্ধুর দীর্ঘ ৯ মাস ১৪ দিন কারাগারে অন্তরীণ থেকেও যে বাংলাদেশের স্বাধীনতার জন্য কোন আপোষ করেন নাই, অবিচল থেকেছেন তাঁর দৃষ্টান্ত থেকে সকলের শিক্ষা নেওয়ার জন্য গুরুত্ব আরোপ করেন এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং তাঁর পরিবারের সদস্যসহ সকল শহীদদের বিদেহী আত্মার মাফফেরাত কামনা করে তাঁদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে দেশ ও জাতির মঙ্গল কামনা করেন। বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ার লক্ষ্যে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করার জন্য আহ্বান জানান। পরিশেষে সকলের সুস্বাস্থ্য এবং দীর্ঘায়ু কামনা করে অনুষ্ঠানের পরিসম্পাদিত ঘোষণা করা হয়।

